বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd


সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২১৪ তারিখঃ ১৯ কার্তিক, ১৪২৭ বঙ্গাব্দ
০৪ নভেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

৭৪৭ তম কমিশন সভা অদ্য ০৪/১১/২০২০ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ-

০১. কমিশন অদ্যকার সভায় সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর অধীনে নিবন্ধিত স্টক ব্রোকার/ট্রেক হোল্ডার এর ব্যবসা প্রসার এবং বিনিয়োগকারীদের নিকট সেবা সহজীকরণের লক্ষ্যে 'ডিজিটাল বুথ (স্টক ব্রোকার/ট্রেক হোল্ডার) নীতিমালা, ২০২০ অদ্যকার সভায় অনুমোদিত হয়। যা বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধি, দেশের সকল নিবাসী ও অনিবাসী বিনিয়োগকারীদের বিনিয়োগের সুযোগ সৃষ্টির মাধ্যমে পুঁজিবাজারের সার্বিক উন্নয়নে সহায়ক হবে। আলোচ্য নীতিমালার অধীনে ডিজিটাল বুথ বিএসইসি কর্তৃক অনুমোদিত কোন ব্রোকারের প্রধান কার্যালয় বা কোন পূর্ণাঙ্গ শাখার সরাসরি তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণে পরিচালিত হবে যাহা দেশের ইউনিয়ন কেন্দ্র হতে উপজেলা, জেলা পর্যায়ে ব্যবসায়িক কেন্দ্রে এবং বিদেশে তদ্রুপ এলাকায় স্থাপন করা যাইবে।

০২. কমিশন সভায় Mir Akhter Hossain Limited এর ১২৫/-(একশত পঁচিশ) কোটি টাকার মূলধন উত্তোলনের জন্য বুক বিল্ডিং পদ্ধতিতে ২,০৭,৭১,৫৪৭ টি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যুর লক্ষ্যে সংশ্লিষ্ট কোম্পানির প্রসপেক্টাস প্রকাশ করার প্রস্তাব অনুমোদন করেছে। এক্ষেত্রে ২,০৭,৭১,৫৪৭ টি সাধারণ শেয়ারের মধ্যে ১,০৩,৮৫,৭৪৭ টি সাধারণ শেয়ার নিজ নিজ বিডিং মূল্যে উপযুক্ত বিনিয়োগকারীর (Eligible Investors) নিকট ইস্যু করা হবে। উল্লেখ্য, উপযুক্ত বিনিয়োগকারী (Eligible Investors) দ্বারা এক্সচেঞ্জের Electronic Subscription System এ বিডিং এর মাধ্যমে উক্ত কোম্পানির শেয়ারের প্রান্ত সীমা (Cut-off) মূল্য ৬০/-(ষাট) টাকায় নির্ধারিত হয়। অবশিষ্ট ১,০৩,৮৫,৮০০ টি সাধারণ শেয়ার ৫৪/-(চুয়ান্ন) টাকা মূল্যে (প্রান্ত সীমা থেকে ১০% বাট্টায়) সাধারণ বিনিয়োগকারীর (অনিবাসী বাংলাদেশী বিনিয়োগকারীসহ) নিকট ইস্যু করা হবে। এই IPO এর মাধ্যমে কোম্পানিটি ১২৫/-(একশত পঁচিশ) কোটি টাকা পুঁজি উত্তোলন করে মূলধণী যন্ত্রপাতি ক্রয়, ব্যাংক ঋণ পরিশোধ এবং আইপিও খরচ খাতে ব্যয় করবে। কোম্পানিটির ৩০শে জুন, ২০১৯ সালের সমাপ্ত বছরের আর্থিক বিবরণী অনুযায়ী পুনঃমূল্যায়ন সঞ্চিতিসহ নীট সম্পদ মূল্য (NAV with revaluation reserve) ৩৪.৭১ টাকা এবং পুনঃমূল্যায়ন সঞ্চিতি ছাড়া নীট সম্পদ মূল্য (NAV without revaluation reserve) ৩৩.৬৩ টাকা এবং বিগত ০৫(পাঁচ) বছরের অর্থ বছরের ভারিত গড় হারে শেয়ার প্রতি আয় (Weighted average EPS) ৬.২১ টাকা। কোম্পানিটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে IDLC Investments Limited.

০৩. Bangladesh Rural Advancement Committee (BRAC), বাজার হতে স্টক এক্সচেঞ্জে লেনদেনের মাধ্যমে ২৫ (পঁচিশ) মিলিয়ন ব্রাক ব্যাংকের শেয়ার আগামী ৩০ নভেম্বর, ২০২০ তারিখের মধ্যে ক্রয় করার আবেদন করে। এ আবেদনের প্রেক্ষিতে সার্বিক বিবেচনায় আবেদনে উল্লিখিত সময়ের মধ্যে উক্ত শেয়ার ক্রয়ের ক্ষেত্রে কমিশন অন্যান্য সিকিউরিটিজ আইন পরিপালন সাপেক্ষে, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ) বিধিমালা, ১৯৯৫ এর বিধি ৪, উপবিধি (২) এবং বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (উল্লেখযোগ্য সংখ্যক শেয়ার অর্জন, অধিগ্রহণ ও কর্তৃত্ব গ্রহণ) বিধিমালা, ২০১৮ এর বিভিন্ন বিধি পরিপালন হতে কমিশন অব্যাহতি প্রদান করেছে।

04-11-2020
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব) ও মুখপাত্র